গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়: জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২১) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মহ: শের আলী যুগ্মসচিব
সভার তারিখ	২০-০৫-২০২১ খ্রি:
সভার সময়	সকাল ১১: ঘটিকা
স্থান	কক্ষ নং-১০৩, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) জানান, গত ১১ অক্টোবর ২০২১ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০) সভা অনুষ্ঠিত হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় জানতে চাওয়া হলে উপসচিব (প্রশাসন-১) জানান যে, সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী এবং কয়েকজন কর্মকর্তার বদলিজনিত কারণে এ বিভাগের সিটিজেনস চার্টারে কর্মকর্তাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করা প্রয়োজন। সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা যথাসময়ে প্রদানের জন্য উপস্থিত সকলকে আরও তৎপর হওয়ার এবং দপ্তর/সংস্থায় সিটিজেন চার্টার হালনাগাদ করে সে অনুযায়ী যথাসময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য, বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় এ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২১) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত সভাটি করতে বিলম্ব হয়েছে। এছাড়া, অংশীজনদের নিয়ে তৃতীয় কোয়ার্টারের সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে।

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) সকল দপ্তর/অধিশাখা/শাখা সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করবে;

খ) এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী কর্মকতাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করে তথ্য বাতায়নে আপলাড এবং সে অনুযায়ী সেবা প্রদান করতে হবে; এবং

গ) অংশীজনদের নিয়ে একটি সভা আয়োজন করতে হবে।

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. মহ: শের আলী
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.১৩৪৮ তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৮

২০ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।

২) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৩) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৪) উপসচিব, বাজেট অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৫) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), সুশাসন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।

৬) উপসচিব, অপারেশন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৮) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

এইচ. এম. খালিদ ইফতেখার
উপসচিব